

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫০২

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি সিয়াম রাখবে, তার জন্য বৈধ রয়েছে ইফতারের বিষয়ে গুরুত্বারোপ করা

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ التكلُّف لِإِفْطَارِهِ إِذَا كَانَ صائماً

## আরবী

3502 – أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا جَرِيرٌ عَنِ الشَّيْبَانِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي أَوْفَى قَالَ: بَيْنَمَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَسِيرُ وَهُوَ صَائِمٌ إِذْ قَالَ لبعض أصحابه: (انزل فاجدح) فقال: يارسول اللَّهِ لَوْ أَمْسَيْتَ قَالَ: (انزلْ فَاجْدَحْ لِي) قَالَ: فَنَزَلَ فَجَدَحَ لَهُ فَشَرِبَ ثُمَّ قَالَ: (إِذَا رَأَيْتُمُ اللَّيْلُ قَدْ أَقْطَرَ الصَّائِمُ) – يَعْنِي مِنْ قِبَلِ الْمَشْرِقِ -. أَقْطَرَ الصَّائِمُ) – يَعْنِي مِنْ قِبَلِ الْمَشْرِقِ -. العلامة ناصر الدين الألباني ا المصدر: الراوي: عَبْد اللَّهِ بْن أَبِي أُوفَى ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3502 ا خلاصة حكم المحدث: صحيح – ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: 2037): ق.

## বাংলা

৩৫০২. আব্দুল্লাহ বিন আওফা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার সফরে সিয়ামরত অবস্থায় চলছিলেন, তখন তিনি তাঁর কোন এক সাহাবীকে বলেন, "তুমি নামো এবং ছাতুর সাথে পানি মিশ্রিত করো।" তখন সেই সাহাবী বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, যদি আপনি সন্ধা পর্যন্ত অপেক্ষা করতেন!" তখন তিনি আবার বলেন, "নামো এবং আমার জন্য ছাতুর সাথে পানি মিশ্রিত করো।" রাবী বলেন যে, তারপর তিনি নামেন এবং তাঁর জন্য ছাতুর সাথে পানি মিশ্রিত করেন। অতঃপর তিনি তা পান করেন। তারপর তিনি বলেন, "যখন তোমরা দেখবে যে, এদিক থেকে রাত আগমন করছে, তখন সিয়াম পালনকারী ব্যক্তির ইফতার করার সময় হয়ে যায়।" অর্থাৎ পুর্বিদিক থেকে।"[1]

## ফুটনোট



[1] সহীহ মুসলিম: ১১০১; সহীহুল বুখারী: ৫২৯৭; বাগাবী: ১৭৩৪; মুসনাদ আহমাদ: ৪/৩৮০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/১১-১২; আবূ দাউদ: ২৩৫২; সুনান বাইহাকী: ৪/২১৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২০৩৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবু আওফা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন